**website: www.bb.org.bd**

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

তারিখঃ ০৮ এপ্রিল ২০২০ / ২৫ চৈত্র ১৪২৬

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ০২(ঘ) নং ক্রমিকে আর্থিক প্রণোদনা তহবিল হতে শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা প্রদানের ক্ষেত্রে তাদের জাতীয় পরিচয়পত্র (National Identification Number-NID) ব্যাংকগুলো বাধ্যতামূলকভাবে গ্রহণপূর্বক পরীক্ষা করবে মর্মে শর্ত আরোপ করা হয়েছিল। এছাড়াও ০২(গ)(ii)-এ একের অধিক ব্যাংকের সাথে রপ্তানি কার্যক্রম পরিচালিত হলে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যে কোন একটি ব্যাংক বাংলাদেশ ব্যাংকে ঋণ/বিনিয়োগের জন্য আবেদন পত্র দাখিল করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল। এক্ষণে, বেতন/ভাতা প্রদান কার্যক্রম সহজতর করার লক্ষ্যে এবং আয়করযোগ্য শ্রমিক-কর্মচারীদের আয়কর ও প্রযোজ্য ক্ষেত্রে ভবিষ্য তহবিল (Provident Fund) নিয়ে ভবিষ্যতে যাতে কোন জটিলতা সৃষ্টি না হয় সেলক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) যেসব শ্রমিক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্র (National Identification Number-NID) নেই বিশেষ বিবেচনায় তাদের জন্ম নিবন্ধন সনদের ভিত্তিতে বেতন/ভাতা প্রদান করা যাবে;

খ) ঋণ গ্রহণে ইচ্ছুক শিল্প প্রতিষ্ঠান যে ব্যাংকের মাধ্যমে তাদের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করে থাকে সে ব্যাংকের নিকট উক্ত ঋণের জন্য আবেদন করতে পারবে। কোন শিল্প প্রতিষ্ঠান একাধিক ব্যাংকের মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা প্রদান করলে সেক্ষেত্রে উক্ত বেতন/ভাতার বিপরীতে ঋণের জন্য সংশ্লিষ্ট একাধিক ব্যাংকের নিকট আবেদন করতে পারবে। তবে, এক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠান চাইলে সংশ্লিষ্ট ব্যাংকগুলোর সমন্বয়ে সিন্ডিকেটেড ঋণ গ্রহণের জন্য আবেদন করতে পারবে;

গ) ঋণ গ্রহণে ইচ্ছুক শিল্প প্রতিষ্ঠান তাদের ঋণ আবেদনের সাথে শ্রমিক-কর্মচারীদের বেতন হতে কর্তনযোগ্য আয়কর ও ভবিষ্য তহবিলের চাঁদা পৃথকভাবে উল্লেখসহ মোট বেতন/ভাতা হতে আয়কর ও ভবিষ্য তহবিলের চাঁদা বাদ দিয়ে অবশিষ্ট বেতন/ভাতা উল্লেখ করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান Form-D যথাযথভাবে পূরণ করে ঋণ আবেদনের সাথে ব্যাংকে দাখিল করবে;

ঘ) শিল্প প্রতিষ্ঠানের নামে ঋণ মঞ্জুর হওয়ার পর ঋণ প্রদানকারী ব্যাংক কর্তনযোগ্য আয়কর ও ভবিষ্য তহবিলের চাঁদা বাদ দিয়ে অবশিষ্ট বেতন/ভাতা শ্রমিক-কর্মচারীদের ব্যাংক হিসাব বা MFS হিসাবে সরাসরি স্থানান্তর করবে। পরবর্তীতে ব্যাংক নিজ উদ্যোগে

কর্তনকৃত আয়কর নিয়ম অনুযায়ী সরকারী কোষাগারে জমা করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা প্রতিষ্ঠানকে চালানের কপি (প্রয়োজনে আয়কর প্রদানের প্রত্যয়নপত্রসহ) সরবরাহ করবে এবং ভবিষ্য তহবিলের চাঁদা ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের এতদসংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর করবে। এক্ষেত্রে নগদে কোন লেনদেন করা যাবে না।

ঙ) এ তহবিল হতে কোনভাবেই শিল্প প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান করা যাবে না।

চ) আলোচ্য তহবিল হতে প্রদত্ত ঋণের বিপরীতে প্রতিটি ঋণ প্রদানকারী ব্যাংক তাদের প্রধান কার্যালয়ের তত্ত্বাবধানে Form-D এর আলোকে শ্রমিক-কর্মচারীদের একটি 'ডাটা বেইজ' প্রস্তুত করবে।

ছ) সার্কুলার নং ০৭, তারিখ ০২ এপ্রিল ২০২০ এর সাথে সংযুক্ত Form-C এর পরিবর্তে এতদ্‌সাথে সংযুক্ত Form-C প্রযোজ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক



(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮

**Form-C**

Name of Bank:
Address:

## Statement showing repayment and outstanding against loans from Financial Stimulus Fund

(Figure in Taka)

| Sl. No. | Name of the Borrowers | Address | Information regarding Transaction between Scheduled Bank and Borrowers | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Total Loan Disbursed by Bank | Total Service Charge Imposed | Total Recoverable amount from Borrowers | Amount of monthly Installment | Total Due upto ----- | Total Recovery from Borrowers | Total Loan Outstanding from Borrowers as on ------- | Total Overdue Amount from Borrowers |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (4+5) | 7 | 8 | 9 | 10 = (6–9) | 11 = (8–9) |
| | | | | | | | | | | |

| Information regarding transaction between Bangladesh Bank and Scheduled Banks | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| Total Loan to Borrowers | | | | Amount of monthly Installment | Total Due from Bank up to ----- | Total Recovery from Bank | Date of Last Deposit to BB | Total Loan Outstanding from Bank as on ------- |
| Paid as Salary (after deducting Income tax & PF Subscription) to the Employees (শ্রমিক-কর্মচারী) Account | Income Tax Deducted | Subscription of Provident Fund Deducted | Total Disbursement by BB | | | | | |
| 12 | 13 | 14 | 15=(12+13+14) | 16 | 17 | 18 | 19 | 20 |

Signature:................................................................
Name:..........................................................................
Designation...............................................................
PA No.......................................................................
Date:..........................................................................

**Form-D**

Name of the Company:
Address:

## Employee’s Salary Statement

(Figure in Taka)

| SL | Name of the Employees (শ্রমিক-কর্মচারী) | NID / Birth Registration Number | Mobile Number | Joining Date | Information regarding last three months’ Salary (in Taka) | | | | Salary payable | | | | Proposed Loan | Bank/ MFS Account number | Name of the Banks/ MFSs |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Dec/ 2019 | Jan/ 2020 | Feb/ 2020 | Avg. of last three months salary | Monthly Salary | Income Tax | Subscription of PF | Paid as Salary (after deducting Income tax & PF Subscription) to the Employees (শ্রমিক-কর্মচারী) Account | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9=(6+7+8)/3 | 10 | 11 | 12 | 13=(10-11-12) | 14=(10×3) | 15 | 16 |
| | | | | | | | | | | | | | | | |

Signed and verified by Representative Association
Date:

Signed by at least two persons including Chairman/Managing Director of the Company
Date: